

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৬৫৭

১/ পবিত্রতা ও তার সুন্নাতসমূহ (کتاب الطهارة وسننها) পরিচ্ছেদঃ ১/১৩৪. পটির উপর মাসহ করা।

بَابِ الْمَسْحِ عَلَى الْجَبَائِرِ

### আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ أَبَانَ الْبَلْخِيُّ، حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ، أَنْبَأَنَا إِسْرَائِيلُ، عَنْ عَمْرِو بْنِ خَالِدٍ، عَنْ زَيْدِ بْنِ عَلِيِّ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، عَنْ عَلِيِّ بْنِ أَبِي طَالِبٍ، قَالَ انْكَسَرَتْ إِحْدَى عَنْ زَيْدِ بْنِ عَلِيٍّ، عَنْ أَبِي طَالِبٍ، قَالَ انْكَسَرَتْ إِحْدَى زَنْدَى ۖ فَسَأَلْتُ النَّبِيَّ - صلى الله عليه وسلم - فَأَمَرَنِي أَنْ أَمْسَحَ عَلَى الْجَبَائِرِ . قَالَ أَبُو الْحَسَنِ بْنُ سَلَمَةَ أَنْبَأَنَا الدَّبَرِيُّ، عَنْ عَبْدِ الرَّزَّاقِ، نَحْوَهُ .

#### বাংলা

১/৬৫৭। আলী ইবনু আবৃ তালিব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমার বাহুর একটি হাড় ভেঙ্গে গেল। আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -কে জিজ্ঞেস করলে তিনি আমাকে পট্টির উপর মাসহ(মাসেহ) করতে নির্দেশ দেন।

১/৬৫৭ (১) আবূল হাসান ইবনু সালামাহ-আদ-দাবারী-আবদুর রাযযাক (রহঃ) থেকে পূর্বোক্ত হাদীসের অনুরূপ বর্ণিত হয়েছে।

## **English**

It was narrated that 'Ali bin Abu Talib said:

"I broke one of my forearms and I asked the Prophet about that. He told me to wipe over the bandages." (Maudu') Another chain with similar meaning.

## ফুটনোট

তাহকীক আলবানী: যঈফ জিদ্দান। উক্ত হাদিসের রাবী আমর বিন খালিদ সম্পর্কে ওয়াকী ইবনুল জাররাহ বলেন,



আমাদের নিকট তার মিথ্যা প্রকাশিত হয়েছে। আহমাদ বিন হাম্বল বলেন, তিনি মিথ্যুক। যায়দ বিন আলি থেকে হাদিস বর্ণনায় তিনি বানিয়ে হাদিস বর্ণনা করেছেন। ইয়াহইয়া বিন মাঈন তাকে মিথ্যুক বলেছেন। ইসহাক বিন রাহওয়ায় বলেন, তিনি হাদিস তৈরি করে বর্ণনা করেন। ইমাম বুখারি বলেন তিনি হাদিস বর্ণনায় মুনকার। আবু দাউদ আস-সাজিসতানী তাকে মিথ্যুক বলে আখ্যায়িত করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন